



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ, ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী।



স্মারক নং-ফেসক/২০২৩/

তারিখ : ০৯/১০/২০২৩ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে কোর্সভিত্তিক প্রথম মেধা তালিকায়
স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৭ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অবশ্যই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে (YES) অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২৫ অক্টোবর ২০২৩ তারিখ থেকে শুরু হবে।

ভর্তি ফি : ১। বিএ/বিএসএস/বিবিএস(পাস) = ৩৩৫৫/- টাকা	২। বিএসসি (পাস) = ৩৪৫৫/-
বিভাগ পরিবর্তন ফি : বিএ/বিএসএস/বিবিএস (পাস) কোর্স থেকে বিএসসি বিভাগে বিভাগ পরিবর্তন হলে অনলাইনের মাধ্যমে ১০০/- টাকা জমা দিতে হবে।	

✓ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি:

[Sonali Bill Payment System](https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Admission) ক্লিক করে <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Admission>

ক্লিক করলে টাকা পেমেন্ট অপশান লগ ইন করে আবেদন ফরম এর রোল ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে “ সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG) ” এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড/ এমেক্স কার্ড, নেফ্লাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে।

** অপশান লগ ইন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তির ফি জমা দিয়ে প্রিন্ট কপি ডাউনলোড করতে হবে এবং ডাউনলোডকৃত কপি ভর্তি ফরম এর সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

ভর্তির তারিখ ও সময় : (কলেজ নির্ধারিত বুথে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে।)

ক্রমিক নং	গ্রুপ/বিভাগ	ভর্তির ফরম জমাদানের তারিখ ও বার	সময়
১	বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি	১৫/১০/২০২৩ রবিবার	দুপুর ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত

ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

১। ভর্তি পরীক্ষার রোল নম্বর ব্যবহার করে website (www.nu.edu.bd/admissions) থেকে চূড়ান্ত ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে দুই কপি (College কপি ও Student কপি) A-4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। বিভাগ পরিবর্তন করতে চাইলে (YES) আর না করতে চাইলে (NO) অপশানে ক্লিক করতে হবে। বিভাগ পরিবর্তন হইলে তার পূর্বের বিভাগ বাতিল হয়ে যাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বিভাগ পরিবর্তন ফরম কলেজ অফিসে জমা দিতে হবে।

২। আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরম এর পিছনে অবশ্যই বিষয়সমূহ কলো বল পয়েন্ট দ্বারা লিখতে হবে।

৩। ভর্তি ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে।

ক) ২ কপি রঙিন স্ট্যাম্প সাইজ ছবি এবং ডাউনলোডকৃত (College কপি ও Student কপি) কপি

খ) এসএসসি/সমমানের ও এইচএসসি/সমমানের পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র, প্রাথমিক আবেদনের মূল কপি।

গ) SSC/সমমানের এবং HSC/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের প্রতিটির ১ টি করে ফটোকপি।

ঘ) কলেজ কর্তৃক সরবরাহকৃত ১২" x ১০" সাইজের খামের উপর নাম, পিতার নাম, মাতার নাম, মেধাক্রম, মোবাইল নম্বর ও বর্তমান ঠিকানা লিখতে হবে। (বাহির থেকে খাম ক্রয়ের প্রয়োজন নাই)

বি: দ্র : - ছাত্রছাত্রীদের প্রশংসাপত্র ও ট্রান্সক্রিপ্ট এর অন্তত ২ সেট ফটোকপি ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

ডিগ্রি (পাস) বিভাগ ভিত্তিক বিষয়সমূহ :

(College কপি এর পিছনে অবশ্যই বিষয় এর নাম লিখতে হবে)

বিভাগ	আবশ্যিক বিষয়সমূহ	গ্রুপ বিষয়
বি.এ(পাস)	বাংলা, ইংরেজি, স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	১। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (যে কোন ১টি) ২। অর্থনীতি/সমাজকর্ম/রাষ্ট্রবিজ্ঞান(যে কোন ১টি) ৩। দর্শন
বি.এস.এস (পাস)	বাংলা, ইংরেজি, স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	১। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/দর্শন (যে কোন ১টি) ২। অর্থনীতি/সমাজকর্ম/রাষ্ট্রবিজ্ঞান (যে কোন ২টি)
বি.বি.এস (পাস)	বাংলা, ইংরেজি, স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	১। হিসাববিজ্ঞান ২। ব্যবস্থাপনা ৩। অর্থনীতি
বি.এস.সি (পাস)	বাংলা, ইংরেজি, স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	গুচ্ছ - ক ১। রসায়ন ২। প্রাণিবিজ্ঞান ৩। উদ্ভিদবিজ্ঞান গুচ্ছ- খ ১। রসায়ন ২। পদার্থবিজ্ঞান ৩। গণিত

* ভর্তির কক্ষে প্রবেশ এর পূর্বে ভর্তির তথ্য কেন্দ্র (মূল গেইট) হতে প্রত্যেক শিক্ষার্থীকে নিজ নিজ ক্রমিক নং জেনে নিতে হবে।

* শ্রেণি কার্যক্রম আরম্ভ হলে ছাত্রছাত্রীকে অবশ্যই কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে শ্রেণি কক্ষে প্রবেশ করতে হবে।

০৯/১০/২৩

অধ্যক্ষ

ফেনী সরকারী কলেজ, ফেনী

ফেনী সরকারী কলেজ